


আগামী বছর থেকে  
ই-বুক পাবে ষষ্ঠ শ্রেণির  
শিক্ষার্থীরা, প্রচলিত  
ছাপা বইও থাকছে,  
পড়াশোনায় শিক্ষার্থীদের  
আরো মনোযোগী  
করতেই এই উদ্যোগ  
নিয়েছে সরকার

## ডিজিটাল পাঠ্যবই



■ মাহবুব রনি

দেশে কম্পিউটার ও স্মার্ট ফোনের ব্যবহার বৃদ্ধির সাথে সাথে ডিজিটাল বইয়ের (ই-বুক) ব্যবহার ও জনপ্রিয়তাও দিন দিন বাড়ছে। এ জনপ্রিয়তাকে স্কুল-কলেজের পাঠ্যপুস্তকের ক্ষেত্রে ব্যবহারের উদ্যোগ নিয়েছে সরকার। এর অংশ হিসাবে আগামী শিক্ষাবর্ষ অর্থাৎ ২০১৬ সাল থেকে ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রচলিত বাঁধাই করা বইয়ের পাশাপাশি ডিজিটাল বইও প্রকাশ করা হবে। পর্যায়ক্রমে স্কুল ও কলেজের অন্যান্য শ্রেণির জন্যও ডিজিটাল পাঠ্যবই প্রকাশ করবে শিক্ষা মন্ত্রণালয়।

গত ৪ মে রাজধানীতে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেন। এ প্রসঙ্গে গত বুধবার তিনি ইত্তেফাককে বলেন, ডিজিটাল বই আমাদের তরুণ-কিশোরদের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। এ ধরনের বই সহজে ব্যবহার করা যায়। শিক্ষার্থীরা আনন্দের সাথে ও আগ্রহ নিয়ে এ সংস্করণের বই ব্যবহার করছে। এ সুযোগটিকে কাজে লাগিয়ে তাদেরকে পড়াশোনায় আরো মনোযোগী করতে ডিজিটাল পাঠ্যবই প্রবর্তন করা হচ্ছে। তিনি বলেন, কাগজে তৈরি প্রচলিত বইয়ের পাশাপাশি ডিজিটাল সংস্করণও বের হবে। ফলে শিক্ষার্থীরা এ সংস্করণে অভ্যস্ত হতে সময় পাবে।

মন্ত্রণালয়ের শিক্ষার মানোন্নয়ন বিষয়ক 'টিকিউআই' প্রকল্পের মাধ্যমে ডিজিটাল বই তৈরি করা হচ্ছে। শিক্ষক প্রশিক্ষণ কলেজের পৃষ্ঠা ২ কলাম ৪